

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প
কেন্দ্রীয় পরিবহণ পুল ভবন (কক্ষ নং ৯০৮-৯০৯)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০
ওয়েব সাইট: br.lgd.gov.bd

নির্ভুল নিবন্ধন একবার
বিড়ম্বনা নয় বারবার

স্মারক নং: স্বাসবি/জমনিপ্র/প্রপকা/সিটিয়ারিং কমিটি-২/২০১১-৪২

তারিখ: ২৮-১০-১৪২২
১০-০২-২০১৬

বিষয়: জন্ম ও মৃত্যু নিবন্ধনের ফি হতে লব্ধ অর্থের খরচের পরিমাণ প্রেরণ প্রসঙ্গে।

নিবন্ধক কার্যালয়সমূহ-ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন, ক্যান্টনমেন্ট বোর্ড, দূতাবাসমূহ-কে জন্ম ও মৃত্যু নিবন্ধনের ফিস হতে ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখ পর্যন্ত আয়কৃত অর্থের এবং ব্যয়িত অর্থের হিসাব বিবরণী নিম্নোক্ত ছকে আগামী ২৩-০২-২০১৬ তারিখের মধ্যে প্রকল্প অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, ইউনিয়ন পরিষদসমূহের চেয়ারম্যান (নিবন্ধক) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এবং পৌরসভাসমূহ উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগের নিকট আগামী ১৫-০২-২০১৬ তারিখের মধ্যে প্রতিবেদন পৌঁছাবেন। উপজেলা নির্বাহী অফিসারগণ তার আওতাধীন ইউনিয়ন পরিষদসমূহ হতে প্রাপ্ত প্রতিবেদন এর তথ্য উপাত্ত একীভূত করে ২০-০২-২০১৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট পৌঁছাবেন এবং জেলা প্রশাসকগণ প্রাপ্ত প্রতিবেদনসমূহের বিবরণ একীভূত করে ২৩-০২-২০১৬ তারিখের মধ্যে onlinebris@gmail.com ই-মেইলযোগে প্রকল্প অফিসে প্রেরণ করবেন।

অপরদিকে, ক্যান্টনমেন্ট বোর্ড, সিটিকর্পোরেশন এবং দূতাবাসসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সরাসরি প্রকল্প অফিসে উল্লিখিত ই-মেইলযোগে ১৮-০২-২০১৬ তারিখের মধ্যে প্রেরণ করবেন।

ছক

জেলার নাম (প্রযোজ্য ক্ষেত্রে)	উপজেলার নাম (প্রযোজ্য ক্ষেত্রে)	ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ড/দূতাবাস	৩১-১২-২০১৫ তারিখ পর্যন্ত আদায়কৃত অর্থের পরিমাণ	৩১-১২-২০১৫ তারিখ পর্যন্ত ব্যয়িত অর্থের পরিমাণ	৩১-১২-২০১৫ তারিখ পর্যন্ত অব্যয়িত অর্থের পরিমাণ	মন্তব্য (যদি থাকে)

কার্যার্থে:

১। নিবন্ধক কার্যালয় (সকল)।

জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। জেলা প্রশাসক (সকল)।

২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

(শেখ মুজিবুর রহমান এনডিসি)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন- ৯৫৫৬৬০৬

e-mail: onlinebris@gmail.com